# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সামান্য নফল ইবাদতেও কখনও কখনও অনেক বড় বড় গোনাহ ক্ষমা করা হয়

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْكَبَائِرَ الْجَلِيلَةَ قَدْ تُغفر بِالنَّوَافِلِ الْقَلِيلَةِ

আরবী

ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو خَالِدٍ عَنْ هِشَامٍ عَنْ مُحَمَّدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِن امْرَأَةً بَغِيًّا رَأَتْ كَلْبًا فِي يَوْمٍ حَارٍّ يُطِيفُ بِبِئْرٍ قَدْ أَدْلَعَ لِسَانَهُ مِنَ الْعَطَشِ فنزعت له فسقته فغُفِر لها).
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 387 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৮৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয়ই একজন বেশ্যা নারী উত্তাপের দিনে একটি কুকুরকে একটি কুপের চারপাশে ঘুরতে দেখলো, যা পিপাসায় জিহবা বের করে (হাঁপাচ্ছিল)। অতঃপর সে (তার পায়ের চামড়ার মোজা খুলে কুপ থেকে তাতে পানি তুলে) কুকুরটিকে পানি পান করালো। ফলে তাকে ক্ষমা করে দেওয়া হয়।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২২৪৫; সহীহ আল বুখারী: ৩৪৬৭; সুনানু বাইহাকী: ৮/১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88686

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন